



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ



বিজ্ঞপ্তি নং-৮৩/নসক/২০২৫

তারিখ: ০২.০৯.২০২৫ খ্রি.

২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিচ্ছু (প্রকাশিত মেধাতালিকা অনুসারে) ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত ২টি ধাপে তাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

১ম ধাপঃ www.naogc.edu.bd এই ওয়েব সাইটে প্রবেশ করে কলেজ এডমিশন ভর্তি মেনু থেকে **Hsc-1st year Admission** এ প্রবেশ করে শিক্ষার্থীর জন্ম সনদ নম্বর এবং পিতা ও মাতার **NID** সহ অন্যান্য তথ্য দিয়ে প্রোফাইল তৈরি করার পর রকেট এ্যাপস এর মাধ্যমে ৩০২ বিলার আইডি'র মাধ্যমে ভর্তি ফি প্রদান করে কলেজ ফরমসহ **Payment Slip** সংগ্রহ করতে হবে।

২য় ধাপঃ এই ধাপে শিক্ষার্থীকে অনলাইন থেকে ডাউনলোডকৃত ফরমের নিচে শিক্ষার্থী ও তার অভিভাবকের স্বাক্ষর করে প্রয়োজনীয় কাগজ পত্র সহ কলেজে জমাদিতে হবে।

১। আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ : মেধা তালিকায় মনোনয়ন প্রাপ্ত (বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীরা) আগামী ০৭/০৯/২০২৫ তারিখ হতে ১৪/০৯/২০২৫ তারিখ (প্রতিদিন সকাল ১০ টা হতে বেলা ২ টা সাপ্তাহিক ও সরকারি ছুটি ব্যতীত) পর্যন্ত।

২। প্রয়োজনীয় কাগজপত্র: (১) এস.এস.সি পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র/ নম্বরপত্রের অনলাইন কপি এবং প্রশংসাপত্রের মূলকপি, (২) এস.এস.সি পাসের প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও প্রশংসাপত্রের ফটোকপি-১টি করে। (৩) সদ্য তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি-৫টি, (৪) শিক্ষার্থীর ডিজিটাল জন্মসনদ এর ফটোকপি-১টি, (৫) পিতা ও মাতার জাতীয় পরিচয় পত্রের ফটোকপি-১টি করে এবং (৬) পূরণকৃত অঙ্গীকার নামা।

উল্লেখ্য, এস.এস.সি পাসের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র/ নম্বরপত্রের অনলাইন কপি, প্রশংসাপত্রের মূল কপি, ১ কপি ছবি স্বচ্ছ প্লাস্টিক ফাইলে জমাদিতে হবে।

৩। কোটায় মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে করণীয়: কোটায় মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের অবশ্যই পূরণকৃত আবেদন ফরম, কোটার প্রামাণ্য সনদের ফটোকপি-১টি এবং কোটার মূল সনদপত্র আগামী ০৯/০৯/২০২৫ ও ১০/০৯/২০২৫ তারিখে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে ভর্তি কমিটির নিকট যাচাই বাছায়ের জন্য উপস্থাপন করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি হতে না পারলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

এক নজরে ফি এর হিসাব:

নিয়মিত ছাত্রদের ক্ষেত্রে : -----৩৪৯১/=

নিয়মিত ছাত্রীদের ক্ষেত্রে : -----৩২৫১/=

যে সকল শিক্ষার্থীদের পাঠ বিরতি আছে তাদের ক্ষেত্রে ১৫০/- যোগ হবে।

বি. দ্র. ভুল বা অন্য কোন হিসাব নম্বরে ভর্তির ফি প্রদান করার ক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব কর্তৃপক্ষ বহন করবে না। আদায়কৃত ফি ফেরত দেওয়ার কোনো বিধান নেই।

প্রতিস্বাক্ষর

(প্রফেসর মো: সামসুল হক-৪৭১৮)

অধ্যক্ষ

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ

(ড. মো: জিলুর রহমান)

সহযোগী অধ্যাপক, ই.স. ইতিহাস ও সংস্কৃতি বিভাগ

আব্বায়ক

একাদশ ভর্তি কমিটি: ২০২৫-২০২৬

নওগাঁ সরকারি কলেজ, নওগাঁ।